NYC
Health

আপনি কি Medicaid সুবিধা পান? পরিবর্তন আসতে চলেছে।

আপনার এখন যা জানা দরকার এবং কীভাবে প্রস্তুতি নেবেন

জানুয়ারি 2027 থেকে শুরু করে, নতুন ফেডারেল কার্য্য সংক্রান্ত প্রয়োজনীয়তাগুলি এমন কিছু ব্যক্তির ওপর প্রভাব ফেলবে যাদের Medicaid বীমা আছে।

নতুন Medicaid সংক্রান্ত প্রয়োজনীয়তা মেনে চলার জন্য, ব্যক্তিদের অবশ্যই সংশ্লিষ্ট নথিপত্র প্রদান করতে হবে যে তারা **প্রতি মাসে কমপক্ষে 80 ঘণ্টা** কাজ করছেন, কাজের প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করছেন, স্বেচ্ছাসেবা করছেন বা স্কুলে পড়াশোনা করছেন, অথবা তাদের পরিবার প্রতি মাসে কমপক্ষে $580 উপার্জন করে।

কার্য্য সংক্রান্ত এই প্রয়োজনীয়তাগুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে যদি:

- আপনি গর্ভধারী হন বা বিগত 12 মাসে গর্ভধারী ছিলেন
- আপনি 14 বছরের কম বয়সী কোনো শিশু বা কোনো প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তির পিতা/মাতা, অভিভাবক বা পরিচর্যাকারী হন
- আপনার সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) যোগ্যতার জন্য সংজ্ঞায়িত অনুযায়ী কোনো প্রতিবন্ধকতা থাকে
- আপনার বিশেষ চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন বা মানসিক স্বাস্থ্যগত সমস্যা থাকে যা আপনার কাজ করার ক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে ব্যাহত করে
- আপনি মাদক বা অ্যালকোহল ব্যবহারের চিকিৎসা প্রোগ্রামে অংশগ্রহণ করছেন
- আপনি SNAP (ফুড স্ট্যাম্প) বা TANF (নগদ সহায়তা)-তে নথিভুক্ত আছেন এবং সেই প্রোগ্রামগুলির অন্তত একটির জন্য কার্য্য সংক্রান্ত প্রয়োজনীয়তার আওতাভুক্ত হন
- আপনি গত 90 দিনের মধ্যে জেল বা কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন
- আপনি কোনো হাসপাতাল, নার্সিং ফ্যাসিলিটি, ইন্টারমিডিয়েট কেয়ার ফ্যাসিলিটি বা অনুরূপ প্রতিষ্ঠানে ভর্তি রোগী হিসাবে সেবা গ্রহণ করছেন

নিউ ইয়র্ক স্টেট অফ হেল্‌থ-এর কভারেজের আওতায় থাকুন ওয়েবপেজে info.nystateofhealth.ny.gov/stay-covered-এ গিয়ে ব্যতিক্রমগুলির একটি সম্পূর্ণ তালিকা দেখুন।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ সমস্ত নিউ ইয়র্কবাসীকে বীমার আওতায় আসতে এবং বীমার আওতায় থাকতে সাহায্য করার জন্য বিভিন্ন সংস্থানসমূহ প্রদান করে। আমাদের কাউন্সেলরগণ আপনার প্রশ্নের উত্তর দিতে পারেন এবং Medicaid-এর নতুন প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে বা অন্য স্বাস্থ্য বীমা খুঁজে পেতে আপনাকে সহায়তা করতে পারেন।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ-এর একজন প্রতিনিধির সাথে কথা বলতে 347-665-0214 নম্বরে কল করুন, অথবা দেখুন nyc.gov/medicaidhelp, নিচে স্ক্রোল করে "Get Help" (সহায়তা পান)-এ যান, এবং "Health Insurance Inquiry Form" (স্বাস্থ্য বীমা অনুসন্ধান ফর্ম)-এ ক্লিক করুন।

যদি আপনার Medicaid বীমা থাকে

1. **এই নতুন প্রয়োজনীয়তাগুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা তা জেনে নিন।** আপনার বয়স যদি 19 থেকে 65 বছর হয় এবং আপনি প্রতিবন্ধকতাযুক্ত না হন, তাহলে আপনি প্রভাবিত হতে পারেন।
2. New York State of Health Marketplace-**এ গিয়ে আপনার যোগাযোগের তথ্য আপডেট করে রাখুন।** আপনি কীভাবে আপনার Marketplace অ্যাকাউন্টে প্রবেশ করতে হয় তা না জানলে, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ-এর একজন কাউন্সেলর আপনাকে সাহায্য করতে পারেন।
3. **নিউ ইয়র্ক স্টেট অফ হেল্‌থ Marketplace থেকে আসা অফিশিয়াল বার্তাগুলির দিকে খেয়াল রাখুন।** কীভাবে আপনার বীমা কভারেজ বজায় রাখবেন সে সম্পর্কে বার্তাগুলিতে গুরুত্বপূর্ণ তথ্য থাকতে পারে। নবায়ন নোটিশগুলির প্রতি বিশেষ মনোযোগ দিন। আপনি যদি ইতিমধ্যে Medicaid-এর আওতায় থাকেন, তাহলে 1 মার্চ, 2027 থেকে আপনার স্বাস্থ্য বীমা নবায়ন করার সময় আপনাকে এই নতুন কার্য্য সংক্রান্ত প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে হতে পারে।
4. **উপার্জনের তথ্য শেয়ার করার বিষয়টি বিবেচনা করুন।** নিউ ইয়র্ক স্টেট অফ হেল্‌থ Marketplace পেরোল সংক্রান্ত তথ্যে প্রবেশাধিকার পেতে Truv নামের একটি কোম্পানির সাথে অংশীদারিত্ব করছে, যার ফলে Medicaidএর কার্য্য সংক্রান্ত প্রয়োজনীয়তা যাচাই করা আরও সহজ হবে। Truv-এ অংশগ্রহণের ব্যাপারে আরও বিস্তারিত জানতে info.nystateofhealth.ny.gov/truv দেখুন।
5. **পরিচর্যা গ্রহণ অব্যাহত রাখুন।** আপনার যখন সেবার প্রয়োজন হবে তখন আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে দেখা করা অব্যাহত রাখা উচিত। আপনার বর্তমান কভারেজ সম্পর্কে আপনি নিশ্চিত না হলে, আপনার নিউ ইয়র্ক স্টেট অফ হেল্‌থ Marketplace অ্যাকাউন্ট পরীক্ষা করুন, 347-665-0214 নম্বরে কল করে একজন কাউন্সেলরের সাথে কথা বলুন, অথবা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আলোচনা করুন।
6. **কোথায় সাহায্য পাওয়া যাবে তা জেনে রাখুন।** আপনি যদি শর্ত পূরণ না করার নোটিশ পেয়ে থাকেন বা আপনার Medicaid নবায়নের জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগকে 347-665-0214 নম্বরে কল করুন অথবা nyc.gov/healthcoverage -এ যান এবং নিচে স্ক্রোল করে "Enrollment Counselors" (তালিকাভুক্তি কাউন্সেলর)-এ যান, তারপর "Health Insurance Inquiry Form" (স্বাস্থ্য বীমা অনুসন্ধান ফর্ম)-এ ক্লিক করুন।
7. **মনে রাখবেন কভারেজ নির্বিশেষে স্বাস্থ্যসেবার বিকল্প ব্যবস্থা রয়েছে।** এমনকি আপনি আপনার Medicaid কভারেজ হারালেও, আপনার অভিবাসন স্থিতি বা অর্থ পরিশোধের সক্ষমতা নির্বিশেষে, বীমাবিহীন বাসিন্দাদের জন্য নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসেবার বিকল্প ব্যবস্থা রয়েছে। আপনি আপনার নিকটস্থ NYC Health + Hospitals-এর কোনো স্থানে অথবা nyccare.nyc-এ গিয়ে বা 646-692-2273 বা 311 নম্বরে কল করে স্বল্প খরচে বা বিনামূল্যে স্বাস্থ্যসেবা পেতে পারেন। আপনি findahealthcenter.hrsa.gov-এ গিয়েও আপনার স্থানীয় কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রটি খুঁজে পেতে পারেন।

সর্বশেষ তথ্যের জন্য nyc.gov/healthcoverage-এ গিয়ে দেখার মাধ্যমে আপডেট থাকুন।